



## সৃষ্টি সুখের উল্লাসে

সেদিন ছিল প্রথম ১৬ই ডিসেম্বর ১৯৭১  
দলে দলে মানুষের জয়বাংলা ধ্বনি!  
নীল আকাশের নীচে বিজয় পতাকা হাতে  
আমরা ঢাকায় প্রবেশ করি !!  
আমরা মুক্তিসেনা বিজয় নিয়ে ফিরি  
চারিদিকে শুনি জয়বাংলার লক্ষ কণ্ঠধ্বনি  
আনন্দের গুলি ফুটে বারুদের গন্ধ চারিদিকে  
রাইফেল মেশিন গান আর এস এল আরের শব্দে  
প্রকম্পিত হয় ঢাকার রাজপথ ও আকাশ  
আমি কানপেতে শুনি !!

ঘরে মা আমার প্রতিক্ষায় ছিল  
এইবুঝি আসছে আমার সোনামনি  
লৌহ কপাটে কড়া নাড়তেই ছুটে আসা মা আমার  
আনন্দ অশ্রু বড়ায়! সারা শরীর তন্ন-তন্ন করে খুঁজে  
যুদ্ধাহত কি-না তার সোনামনি -  
আমার হাত ছুঁয়ে যায় মায়ের পা দুখানি।

## এসো বিজয়ের পথে

চারিদিকে শুনি জয়াবাংলা ধ্বনি, আয়রে কিষান আয়।  
আয়রে ছাত্র, আয়রে যুবক আয়রে শ্রমিক আয়।  
লেগলক্ষ ধর্ষিতা মাবোন, ৩০লক্ষ শহীদ, পথ পানে চেয়ে!  
৭১'র বিজয় কেতন নিয়ে, আয়না তোরা ধেয়ে!  
বিজিত'রা ছিনিয়ে নিচ্ছে, শহীদের আমানত!  
ধর্ষিতাদের আর্তনাদে, কাঁপছে রাজপথ!  
আলবদর আর রাজাকারে পূর্নজন্ম পেয়ে,  
মনেহচ্ছে দেশটি এখন দ্রুত যাচ্ছে ছেয়ে।  
আমরা ছিলাম ৭১'র বিজয়ি মুক্তিসেনা,  
স্বাধীনতা দয়ার দান নয়, রক্ত দিয়ে আনা।  
৭১'র বিজয় কভু হবেনা নিঃশেষ,  
লাল সবুজের পতাকায়, মোদের বাংলাদেশ।